

ব্যক্তিগত প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং -০৪

ফেব্রুয়ারি ২৫, ২০১৫
তারিখ : _____
ফাল্গুন ১৩, ১৪২১

প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল বিদেশী ব্যাংক।

প্রিয় মহোদয়,

বাংলাদেশে কার্যরত বিদেশী ব্যাংকের স্থানীয় প্রধান নির্বাহীর নিয়োগ প্রসংগে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫ক(২) ধারার প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত ধারায় বর্ণিত 'কোন ব্যাংক-কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তার পদ একাদিক্রমে তিন মাসের অধিক সময়ের জন্য শূন্য রাখা যাইবে না'-মর্মে বিধানটি বাংলাদেশে কার্যরত সকল বিদেশী ব্যাংকের স্থানীয় প্রধান নির্বাহীর ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

এছাড়া, বাংলাদেশে কার্যরত বিদেশী ব্যাংকের স্থানীয় প্রধান নির্বাহী পদে বিদেশী নাগরিক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ বিনিয়োগ বোর্ডের কর্মানুমতিসহ (Work permit) প্রয়োজনীয় তথ্যাবলী উল্লেখপূর্বক অত্র বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।



(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২।